

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পানি সম্পদ মন্ত্রণালয়
আইসিটি শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.mowr.gov.bd

তারিখ: ১৬ আষাঢ় ১৪৩২ বঙ্গাব্দ
৩০ জুন ২০২৫ খ্রিস্টাব্দ

স্মারক নম্বর: ৪২.০০.০০০০.০০০.০২৬.১৬.০০০২.২০.৬০

বিষয়: ‘নাগরিক সেবা’ প্ল্যাটফর্মে সকল সেবায় ডিজিটাল স্বাক্ষর অন্তর্ভুক্তকরণ।

সূত্র: ৫৬.০৩.০০০০.০০০.০০৩.৬৩.০০৬৩.২২.৮৬ ১৮ জুন ২০২৫

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ স্মারকের প্রেক্ষিতে গত ২৮ মে ২০২৫ তারিখে জনাব ফয়েজ আহমেদ তৈয়্যব, মাননীয় প্রধান উপদেষ্টা বিশেষ সহকারী, এর সভাপতিত্বে অনুষ্ঠিত ‘নাগরিক সেবা বাংলাদেশ’ উদ্যোগে নতুন সেবা সংযুক্তি আউটলেট কার্যক্রম পরিচালনা ও সেবার মূল্য তালিকা নির্ধারণ বিষয়ক সভা অনুষ্ঠিত হয়েছে। উক্ত সভার কার্যবিবরণীর ১৮ নং সিদ্ধান্ত নিম্নরূপ:

| ক্রম | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|------|--|--|
| ১৪. | ক) CCA (কন্ট্রোলার অব সার্টিফাইং অথরিটিজ) কর্তৃক নিশ্চিত করতে হবে যে, নাগরিকসেবা প্ল্যাটফর্মে সকল সেবার ক্ষেত্রে ই-সাইন/ ডিজিটাল স্বাক্ষর অন্তর্ভুক্ত করতে হবে। খ) সকল দপ্তর – সংস্থাকে এই প্ল্যাটফর্মের মাধ্যমে সেবাগ্রহীতাদের সনদপত্র প্রদানকালে ডিজিটাল সার্টিফিকেট ব্যবহারে উৎসাহিত করতে হবে। | নাগরিক সেবা টিম এবং কন্ট্রোলার অব সার্টিফাইং অথরিটিজ |

০২। সরকারী কার্যক্রমে ডকুমেন্টের বিশ্বাসযোগ্যতা ও নিরাপত্তা নিশ্চিত করার জন্য ডিজিটাল স্বাক্ষর ব্যবহারের প্রয়োজনীয়তা অপরিসীম। এমতাবস্থায়, পানি সম্পদ মন্ত্রণালয়ের আওতাধীন সংস্থাসমূহ কর্তৃক প্রদত্ত নাগরিক সেবাসমূহে ডিজিটাল স্বাক্ষর অন্তর্ভুক্তকরণের পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্টগণকে নির্দেশনা প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সকল সংযুক্তিসমূহ:

- (১) ৫৬.০৩.০০০০.০০০.০০৩.৬৩.০০৬৩.২২.৮৬ - ‘নাগরিক সেবা’ প্ল্যাটফর্মে সকল সেবায় ডিজিটাল স্বাক্ষর অন্তর্ভুক্তকরণ।
- (২) কার্যবিবরণী



৩০-০৬-২০২৫
মোহাঃ শহীদুল্লাহ কায়সার
সিস্টেম এনালিস্ট
০২৫৫১০১০৫৯
sa@mowr.gov.bd

..... সংস্থা প্রধান (সকল), পানি সম্পদ মন্ত্রণালয়।।

স্মারক নম্বর: ৪২.০০.০০০০.০০০.০২৬.১৬.০০০২.২০.৬০/১ (২)

১৬ আষাঢ় ১৪৩২ বঙ্গাব্দ
তারিখ: ৩০ জুন ২০২৫ খ্রিস্টাব্দ

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, পানি সম্পদ মন্ত্রণালয়।
- ২। যুগ্মসচিব (প্রশাসন) এর ব্যক্তিগত কর্মকর্তা, প্রশাসন অধিশাখা, পানি সম্পদ মন্ত্রণালয়।



Maiso

৩০-০৬-২০২৫
মোহাঃ শহীদুল্লাহ কায়সার
সিস্টেম এনালিস্ট